দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 MAY 1995
পৃষ্ঠা ... ৫ কলাম ... ৬

# মাদারীপুরে ২টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকের ১৯টি পদ শূন্য

মাদারীপুর সংবাদদাতা ॥ সরকারী নাজিমউদ্দিন কলেজে বর্তমানে ১৫টি শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। শূন্য পদগুলির মধ্যে রহিয়াছে প্রভাষকেরই ৭টি পদ, সহকারী অধ্যাপকের ৪টি পদ, প্রদর্শকের ৩টি পদ এবং সহযোগী অধ্যাপকের একটি পদ।

ইহাছাড়া মাদারীপুর জলাভাল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষিকাসহ শিক্ষকের ৪টি পদ শূন্য রহিয়াছে। ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে।